অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষ ভেটেরান এবং প্রথম সাড়াদানকারীদের উৎসর্গ করে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (S.8581A/A.8369A) ওনিডা কাউন্টিতে স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "ওনিডা কাউন্টি কোরিয়ান ওয়ার ভেটেরানস মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে আখ্যা দেয়

বিধিমালা (S.7255A/A.1393B) আলস্টার কাউন্টিতে স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "চিফ জন 'জোডি' রোসিটজ মেমোরিয়াল ব্রিজ" হিসেবে আখ্যা দেয়

বিধিমালা (S.7297/ A.9906) স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "মেডেল অফ অনার রিসিপিয়েন্ট ফ্র্যান্সিস এস. কারি মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে আখ্যা দেয়

বিধিমালা (S.7504A/A.8445A) ক্লিন্টন কাউন্টির স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "ট্রুপার ব্রায়ান এস. ফ্যাব মেমোরিয়াল ব্রিজ" হিসেবে আখ্যা দেয়

বিধিমালা (S.7224A/A.8455A) ট্যাকোনিক পার্কওয়ের পাটনাম ভ্যালি টাউনের স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "পাটনাম ভ্যালি ফার্স্ট রেস্পনডার্স ব্রিজ" হিসেবে আখ্যা দেয়

বিধিমালা (S.8056/A.8534) মনরো কাউন্টির ওগডেন টাউনের স্পেন্সারপোর্ট গ্রামের স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে "ফায়ারফাইটার রবার্ট ফাউলার মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে আখ্যা দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেট হাইওয়ে সিস্টেমের অংশবিশেষকে ভেটেরান এবং প্রথম সাড়াদানকারীদের জন্য উৎসর্গ করা বিধিমালার একটি প্যাকেজে স্বাক্ষর করেছেন।

"আমাদের ভেটেরান এবং প্রথম সাড়াদানকারীরা সর্বদা আমাদের জন্য উঠে দাঁড়িয়েছে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা ও সেবাদান করার আহ্বানে সাড়া দিয়েছে, এবং আমরাও তাদের

পাশেই থাকবো," **গভর্নর হোকল বলেন।** "আমি বিধিমালার এই প্যাকেজে স্বাক্ষর করতে পেরে গর্বিত যেগুলি নিউ ইয়র্কের ভেটেরান এবং প্রথম সাড়াদানকারীদের অবদান ও আত্মত্যাগের স্বীকৃতি দেয় ও সম্মান জানায়, এবং এগুলি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে তাদের লেগেসি অনেক প্রজন্মের জন্য টিকে থাকে।"

বিধিমালা (S.8581A/A.8369A) ওনিডা কাউন্টিতে স্টেট রুট 365-র অংশবিশেষকে "ওনিডা কাউন্টি কোরিয়ান ওয়ার ভেটেরানস মেমোরিয়াল হাইওয়ে (Oneida County Korean War Veterans Memorial Highway)" হিসেবে আখ্যা দেয়। এই আখ্যা সেই 37,000 মার্কিন সার্ভিসমেনকে সম্মান জানাবে যারা কোরিয়ান যুদ্ধে মারা গেছে বা নিরুদ্দেশ হয়েছে। ওনিডা কাউন্টির একজন ভেটেরানের সুপারিশ করা এই বিলটি কোরিয়ান যুদ্ধের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করবে, যেটির ঘটনাসমূহ দ্বিতীয় বিশ্বযুদ্ধ এবং ভিয়েতনাম যুদ্ধের মধ্যে 1950 সালে সংগঠিত হয়েছে বলে এখন "বিস্মৃত যুদ্ধ (Forgotten War)" নামে পরিচিত হয়ে গেছে।

স্টেটের সিনেটর জোসেফ এ. গ্রিফো বলেন, "আমি আনন্দিত যে গভর্নর আমার স্পন্সর করা বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন, যা রোমের স্টেট রুট 365-র অংশবিশেষকে "ওনিডা কাউন্টি কোরিয়ান ওয়ার ভেটেরানস মেমোরিয়াল হাইওয়ে" হিসেবে আখ্যা দেয়। কোরিয়ান যুদ্ধে অংশ নেওয়া নারী পুরুষদের কথা আমাদের কখনোই ভুলে যাওয়া উচিত না। বিশেষ এই আখ্যা আমাদেরকে এই বিধ্বংসী দ্বন্দ্বে অংশগ্রহণকারী সকলে যেই আত্মত্যাগ করেছে যার স্বীকৃতি ও স্মরণ করতে এবং আমাদের দেশের প্রতি তাদের সেবার জন্য আমাদের আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করতে দেয়।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিয়েন বাটেনশন বলেন, "কোরিয়ান যুদ্ধকে মাঝে মাঝে বিস্মৃত যুদ্ধ হিসেবে ডাকা হয়। বিধিমালার এই অংশটি সেই ভেটেরানগণ সামনে এনেছে যারা কখনো ভুলতে পারেনি। আমি এই বিধিমালা স্পন্সর করতে পেরে সম্মানিত বোধ করেছি এবং আমাদের ওনিডা কাউন্টির কোরিয়ান যুদ্ধের ভেটেরানদের সম্মান জানাতে এটিকে দ্রুত স্বাক্ষর করার জন্য গভর্নরের প্রশংসা করছি। সকল ভেটেরানের উপর ঈশ্বরের আশীর্বাদ থাকুক।"

বিধিমালা (S.7255A/A.1393B) শ্যানডাকেন টাউনের এসোপাস ক্রিকের উপরের স্টেট রুট 28 এর ব্রিজকে "চিফ জন 'জোডি' রোসিটজ মেমোরিয়াল ব্রিজ (Chief John 'Jody' Rossitz Memorial Bridge)" আখ্যা দেয়। বিলটি অলিভেরিয়া ভ্যালির জন রোসিটজের জীবনের স্মারক। তিনি একজন স্বেচ্ছাসেবক দমকল কর্মী হিসেবে এবং বিগ ইন্ডিয়ান-অলিভিয়েরা দমকল ডিপার্টমেন্টের (Big Indian-Oliverea Fire Department) প্রধান হিসেবে 34 বছর দায়িত্ব পালন করেছেন। 2011 সালে, আইরিন হারিকেনের পর অলিভিয়েরা ভ্যালি সম্প্রদায়ের জন্য ত্রাণ প্রচেষ্টা সংগঠিত করার ব্যাপারে তিনি বড় ভূমিকা পালন করেছেন। এই বিলের মাধ্যমে, সম্প্রদায়ের জন্য তার করা কাজের জন্য তিনি সম্মান পাবেন।

স্টেটের সিনেটর পিটার ওবেরেকার বলেন, "আমাদের প্রথম সাড়াদানকারীরা আমাদের সম্প্রদায়সমূহে অনেক অবদান রাখে এবং আমাদের স্বেচ্ছাসেবকদের মধ্যে যেই আত্মা ও নিবেদন রয়েছে তার প্রতিমূর্তি জন 'জোডি' রোসিটজ।চিফ রোসিটজের স্মৃতি জীবিত রাখতে সাহায্য করা এবং তার সম্প্রদায়, সহকর্মী স্বেচ্ছাসেবক দমকল এবং প্রথম সাড়াদানকারীদের

জন্য তিনি কে ছিলেন তা যাতে অন্যরা জানতে তা নিশ্চিত করতে সাহায্য করতে পারা আমার জন্য বিনীত সম্মানের বিষয়।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন এ. কাহিল বলেন, "জোডি রোসিটজ সম্প্রদায়ের নেতার সংজ্ঞাস্বরূপ ছিলেন।তিনি তার স্বেচ্ছাসেবী উদ্ধার সেবায় নিজের দক্ষতা নিয়ে এসেছিলেন এবং তার স্বেচ্ছাসেবী উদ্ধারের দক্ষতাকে তার চাকরিতে এনেছিলেন।এই গুরুত্বপূর্ণ ব্রিজকে তার সম্মানে নামকরণ করার আইনে স্বাক্ষর করে গভর্নর ক্যাথি হোকল কৃতজ্ঞ বন্ধু, প্রতিবেশী এবং সহকর্মীদের সাথে যোগ দিলেন যারা এই প্রিয় ও প্রশংসিত আদর্শ নাগরিককে চিনতো।"

বিধিমালা (S.7297/ A.9906) রুট 32 এবং এর বেন্ডার ল্যানবের সাথে ইন্টারসেকশনের এবং অ্যালবানি কাউন্টির বেথেলহেম টাউনের এলসমের অ্যাভিনিউয়ের সাথে ইন্টারসেশনের মধ্যের অংশকে "মেডাল অফ অনার রিসিপিয়েন্ট ফ্র্যান্সিস এস. কারি মেমোরিয়াল হাইওয়ে (Medal of Honor Recipient Francis S. Currey Memorial Highway)" হিসেবে আখ্যা দেয়। এই আখ্যা ফ্র্যান্সিস এস. কারির জীবনকে সম্মান জানায়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় যার বীরত্ব তার জন্য মার্কিন কংগ্রেসনাল মেডাল অফ অনার, বেলজিয়ান অর্ডার অফ লিওপোল্ড, একটি সিলভার স্টার, ব্রোঞ্জ স্টার এবং তিনটি পার্পল হার্ট অর্জন করেছে। হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করার মাত্র এক সপ্তাহ পরে তাকে ন্যূনতম সরবরাহ দিয়ে ম্যালমেডি নামের ছোট একটি বেলজিয়ান টাউনের প্রতিরক্ষা করতে সার্জেন্ট পদে নিয়োগ দেওয়া হয়। যুদ্ধের পর তিনি কংগ্রেশনাল মেডাল অফ অনার সোসাইটির (Congressional Medal of Honor Society) চার্টার সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন, এবং অ্যালবানির স্ট্র্যাটন মার্কিন ভেটেরানস অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট (VA) মেডিকেল সেন্টারে একজন কাউন্সেলর হিসেবে 30 বছর কাজ করেছেন। বিলটি ইতিহাস ও তার সম্প্রদায়ের প্রতি তার অবদানের সম্মান জানানোর জন্য ফ্র্যান্সিস কারির পরিবারের এবং ডেলমারের আমেরিকান লিজিয়ন পোস্ট 1040-র (American Legion Post 1040) অনুরোধে উপস্থাপন করা হয়েছে।

স্টেট সিনেটর নিল ডি. ব্রেসলিন বলেন, "একজন হোমটাউন বীরকে সম্মান জানিয়ে এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য ধন্যবাদ, গভর্নর হোকল। ফ্র্যান্সিস এস. কারি দ্বিতীয় বিশ্বযুদ্ধে সাহসী লড়াই করেছিলেন, এবং তার বীরত্বের জন্য তাকে কংগ্রেসনাল মেডাল অফ অনার প্রদান করা হয়েছে। আমাদের দেশের ভেটেরানগণ তাদের সেবার জন্য নিউ ইয়র্ক স্টেটের দ্বারা সম্মানিত হওয়ার অধিকার রাখে, এবং আমাদের প্রশংসার এই নিদর্শন আজীবন বেঁচে থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি বলেন, "ফ্র্যান্সিস কারি একজন অল-আমেরিকান বীর যাকে নিজের দেশের মানুষদের জীবন রক্ষার জন্য এবং একা শত্রুর অগ্রসর ঠেকানোর জন্য কংগ্রেশনাল মেডাল অফ অনার প্রদান করা হয়েছে," বলেন অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফাহি। "ফ্র্যান্সিস কারি যেই বীরত্ব প্রদর্শন করেছেন এবং যেই জীবনযাপন করেছেন তার সম্মানে যে তার লেগেসি অ্যালবানি কাউন্টিতে মেডেল অফ অনার রিসিপিয়েন্ট ফ্র্যান্সিস এস. কারি মেমোরিয়াল হাইওয়ে হিসবে বেঁচে থাকবে তা নিয়ে আমি গর্বিত।"

বিধিমালা (S.7504A/A.8445A) স্টেট ট্রুপার ব্রায়ান এস. ফ্যাবের সম্মানে ইন্টারস্টেট 87-র প্ল্যাটসবার্গ টাউনের ব্রিজের নাম পরিবর্তন করে "ট্রুপার ব্রায়ান এস. ফ্যাব মেমোরিয়াল ব্রিজ

(Trooper Brian S. Falb Memorial Bridge)" রাখে। পূর্বে টুইন ব্রিজেস (Twin Bridges) নাম পরিচিত ব্রিজটি ব্রায়ান এস. ফ্যাবের অবদানকে সম্মান জানাবে, যিনি নিউ ইয়র্কের স্টেট ট্রুপার হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং 11 সেপ্টেম্বর, 2001 এর আক্রমণের পর অনুসন্ধান ও পুনরুদ্ধার প্রচেষ্টায় সহায়তা করেছেন।

স্টেট সিনেটর ড্যান স্টেক বলেন, "প্রয়াত ট্রুপার ফ্যাব নিউ ইয়র্কের কঠিনতম সময়ের একটিতে তার আত্মত্যাগের জন্য সর্বোচ্চ সম্মানের অধিকারী। ব্রিজটিকে তার নামের স্মারক বানানোর ফলে, এই পার হওয়া সকলেই আমাদের মহান স্টেটের প্রতি তার অসামান্য সেবার জন্য সম্মান জানাতে পারবে। আমি এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং এই বীর ও তার পরিবারকে সম্মান জানানোর জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য বিলি জোনস বলেন, "ট্রুপার ফ্যাব একজন সত্যিকারের আমেরিকান বীর এবং স্টেট তার জন্য সর্বনিম্ন যা করতে পারে তা হলো ইন্টারস্টেট 87 এর সারানাক নদীকে উপরের ব্রিজের নাম পরিবর্তন করে তার নাম নামকরণ করতে পারে। যখন আমাদের দেশ আক্রমণের সম্মুখীন হয়েছিলো, তখন ফ্যাবের চূড়ান্ত আত্মত্যাগের জন্য নর্থ কান্ট্রি কৃতজ্ঞতা ঠিকমতো প্রকাশ করতে পারবে না, কিন্তু ব্রিজের নাম পরিবর্তন এটি নিশ্চিত করবে যে আগামী অনেক প্রজন্মের জন্য তার স্মৃতি ও লেগেসি সংরক্ষিত থাকবে। এখন নর্থওয়ের যাত্রীরা এই ব্রিজগুলিতে ট্রুপার ফ্যাবের নাম দেখবে এবং তার দেশপ্রেম ও নিজের সম্প্রদায়ের প্রতি অঙ্গীকার দ্বারা অনুপ্রাণিত হবে।"

বিধিমালা (S.7224A/A.8455A) পাটনাম ভ্যালি টাউনের টাকোনিক স্টেট পার্কওয়ের ব্রিজটিকে "পাটনাম ভ্যালি ফার্স্ট রেসপন্ডার্স ব্রিজ (Putnam Valley First Responders Bridge)" আখ্যা দেয়। এই আখ্যা প্রতিদিন পাটনাম ভ্যালির বাসিন্দাদের নিরাপদ রাখতে যেই প্রথম সাড়াদানকারীরা নিজেদের জীবনের ঝুঁকি নেয় তাদের সম্মান জানাবে।

স্টেটের সিনেটর সু সেরিনো বলেন, "পাটনাম ভ্যালির প্রথম সাড়াদানকারীরা আমাদের সম্প্রদায়ের জন্য নিজেদের ক্ষমতার বাইরে গিয়ে কাজ করে, এবং দীর্ঘ প্রতীক্ষিত পুডিং স্ট্রিট ওভারপাসটি (Pudding Street Overpass) পরিশেষে বাস্তবে পরিণত হয়েছে অনেকাংশেই তাদের প্রদত্ত চাপের কারণে। তাদের সম্মানে এই ব্রিজটির নামকরণ করার সুযোগ শুধু আমার জন্য নয়, বরং সেই সকল বাসিন্দার জন্য একটি অর্থপূর্ণ মুহূর্ত যারা এই প্রকল্পটির কাজ শেষ করার জন্য নিরলসভাবে কাজ করেছে। এটি একটি উপায় যার দ্বারা আমরা তাদের নিঃস্বার্থ সেবার জন্য তাদের ধন্যবাদ জানাতে পারি, এবং তাদের মনে করিয়ে দিতে পারি যে তাদের পেছনে একটি কৃতজ্ঞ সম্প্রদায় রয়েছে, এবং আমি আমাদের সকল স্থানীয় অংশীদার, এবং স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের (State Department of Transportation, DOT) সকলকে এই গুরুত্বপূর্ণ প্রকল্পের ব্যাপারে হাল ছেড়ে না দেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন বাইর্ন বলেন, "পুডিং স্ট্রিট ওভারপাসের কাজ শেষ করা দুর্দান্ত একটি অর্জন, আমি এবং অন্য অনেক কর্মকর্তারা আমাদের সাহসী প্রথম সাড়াদানকারীসহ সম্প্রদায়ের সদস্যদের সাথে মিলে দীর্ঘদিন ধরে এর পক্ষে কাজ করেছি। পুডিং স্ট্রিট এবং টাকোনিক স্টেট পার্কওয়ের পূর্বের ইন্টারসেকশনটি মোটরচালক, স্কুল বাসের শিশু এবং প্রথম

সাড়াদানকারীদের জন্য অনেক ধরনের বিপজ্জনক নিরাপত্তা সংক্রান্ত বিপত্তির সৃষ্টি করতো। পাটনাম ভ্যালিতে আমাদের পুলিশ, দমকল এবং জরুরি মেডিকেল সেবাদানকারীরা অত্যাবশ্যকীয় সেবাদান করে যার উপর সম্প্রদায় নির্ভরশীল। এই উৎসর্গ দ্বারা তাদের সম্মান জানানো মানানসই। আমি সিনেটর সু সেরিনো, পাটনাম ভ্যালি টাউনের সুপারভাইজার অ্যানাবি, এবং গভর্নর হোকলকে এই প্রকল্প ও উৎসর্গকে বাস্তবে পরিণত করতে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

বিধিমালা (S.8056/A.8534) স্পেন্সারপোর্ট গ্রামের লায়েল অ্যাভিনিউ এবং স্টেট রুট 31-র মধ্যকার স্টেট রুট 259-কে "ফায়ারফাইটার রবার্ট ফাউলার মেমোরিয়াল হাইওয়ে (Firefighter Robert Fowler Memorial Highway)" হিসেবে আখ্যা দেয়। এই আখ্যা স্পেন্সারপোর্ট স্বেচ্ছাসেবী দমকল ডিপার্টমেন্টের রবার্ট "বব" ফাউলারকে সম্মান জানাবে, যে 1974 সালে ডিপার্টমেন্টে (Spencerport Volunteer Fire Department) যোগদানের পর থেকে তার পারিবারিক সমর্থনের মাধ্যমে সম্প্রদায়ের একটি ভিত্তিপ্রস্তর হিসেবে অবদান রেখেছে।

স্টেট সিনেটর রবার্ট জি. ওর্ট বলেন, "স্পেন্সারপোর্ট গ্রামের স্টেট রুট 259 -র একটি অংশের নাম পরিবর্তন করে 'ফায়ারফাইটার রবার্ট ফাউলার মেমোরিয়াল হাইওয়ে' রাখা হলো আরেকটি উপায় যার মাধ্যমে আমরা বাসিন্দাদেরকে মনে করিয়ে দিতে পারি যে আমাদের সম্প্রদায়সমূহকে সেবাদানের সময় জরুরি সাড়াদানকারীরা কী আত্মত্যাগ করে। প্রতিনিয়ত আমাদের প্রথম সাড়াদানকারীরা যেই বীরত্ব ও সাহস প্রদর্শন করে তা আমরা কখনোই তা অগ্রাহ্য করবো না। যদিও ফেব্রুয়ারির সেই সন্ধ্যায় দমকল কর্মী ফাউলার আমাদের স্পেন্সারপোর্ট সম্প্রদায়ের সেবায় নিজের জীবন দিয়েছেন, তার এবং আমাদেরকে সুরক্ষিত রাখতে তার নিবেদনের স্মৃতি আগামী অনেক বছরের জন্য বেঁচে থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য যশ জেনসেন বলেন, "আজকে ফাউলার পরিবার, স্পেন্সারপোর্ট দমকল ডিপার্টমেন্ট, এবং স্পেন্সারপোর্ট ও ওগডেনের বাসিন্দাদের জন্য একটি বিশেষ দিন, যেহেতু তারা প্রতিদিন গ্রামের মধ্যে দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার সময় দমকলকর্মী রবার্ট "বব" ফাউলারের লেগেসিকে সম্মান জানাতে থাকতে পারবে। বল নিঃস্বার্থভাবে প্রতিদিন অন্যদের নিজের আগে রাখতেন, এবং তার লেগেসিকে স্মরণ করে রাখতে পৰ একটি সম্মানের বিষয়," বলেন অ্যাসেম্বলি সদস্য যশ জেনসেন। "আমাদের প্রতিবেশীদের নিরাপদে রাখতে তাদের নিবেদিত সবার জন্য আমরা তার এবং তার প্রিয়জনদের প্রয়াত কৃতজ্ঞ। আমাদের স্থানীয় বীর, দমকলকর্মী রবার্ট ফাউলারের প্রশংসার এই ছোট নিদর্শন প্রদর্শন করতে পারা একটি সম্মানের বিষয়।"

###